গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.০০৯.২০১৩-৬৫৬ তারিখ : ১২ মে, ২০১৬।

বিষয় : ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলা পরিষদের প্রস্তাবিত কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য নির্বাচিত স্থান পরিবর্তনকরণ।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও-এর স্মারক নং-৪৬.৫৫.৯৪০০.০১.০১৬.০০১.১৬-১১৮; তারিখ: ০৮ মার্চ, ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও হতে প্রাপ্ত পত্রটির ছায়ালিপি (সংলগ্নীসহ) এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও এর প্রস্তাব অনুযায়ী উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনটি নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

প্রধান প্রকৌশলী,
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি :
১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও
(গোপনীয় শাখা)
web : thakurgaon.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৯৪০০.০১.০১৬.০০১.১৬.১১৮ তারিখ: ০৮/৩/২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : পীরগঞ্জ উপজেলা পরিষদের প্রস্তাবিত কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য নির্বাচিত স্থান পরিবর্তনকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও জেলাধীন পীরগঞ্জ উপজেলা পরিষদের প্রস্তাবিত কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য উপজেলা পরিষদের পুরাতন ভবনের সম্মুখ ভাগ নির্বাচন করা হয়েছে। উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের জন্য নির্বাচিত স্থানে উপজেলা পরিষদের পুরাতন ইউটিডিসি ভবন, ত্রাণ শাখার গুদামঘর, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্র এবং পীরগঞ্জ উপজেলা অফিসার্স ক্লাব অবস্থিত। এছাড়া উল্লিখিত ভবনগুলোর সম্মুখভাগের খালি জায়গায় বেশ কিছু পুরোনো ফলজ ও বনজ বৃক্ষ রয়েছে। উপজেলা পরিষদ চত্বরে পৃথক কোন খালি জায়গা না থাকায় উক্ত স্থানে উপজেলা পরিষদ আয়োজিত বিভিন্ন গুরুত্বপূর্ণ অনুষ্ঠান আয়োজন করা হয়ে থাকে। নির্বাচিত স্থানে প্রস্তাবিত উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ করা হলে উপজেলা পরিষদের মাস্টার প্ল্যানের পরিবর্তনের প্রয়োজন হবে এবং উপজেলা পরিষদ কর্তৃক বিভিন্ন অনুষ্ঠান আয়োজনসহ উপজেলা পরিষদে আগত যানবাহন পার্কিং এর ক্ষেত্রে ভবিষ্যতে সমস্যার সম্মুখীন হতে হবে।

০২। উপজেলা পরিষদের মাসিক সভায় এ বিষয়ে আলোচনা হয় এবং উপস্থিত সদস্যবৃন্দ নির্বাচিত স্থানে প্রস্তাবিত উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ না করে উপজেলা পরিষদ চত্বরের পশ্চিম পার্শ্বে উপজেলা পরিষদের পুরাতন ভবন সংলগ্ন বন বিভাগের নার্সারী সরিয়ে তদস্থলে প্রস্তাবিত কমপ্লেক্স ভবন নির্মাণের পক্ষে অভিমত ব্যক্ত করেন। নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গত ১৪ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে পীরগঞ্জ উপজেলা পরিষদ পরিদর্শনকালে স্থানীয় নেতৃবৃন্দ ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ নির্বাচিত স্থানে প্রস্তাবিত কমপ্লেক্স ভবন নির্মাণের বিষয়ে বিরূপ প্রতিক্রিয়া ব্যক্ত করেন এবং নির্বাচিত স্থানের পরিবর্তে বন বিভাগের নার্সারী সরিয়ে তদস্থলে নতুন প্রস্তাবিত কমপ্লেক্স ভবন নির্মাণের পক্ষে অভিমত ব্যক্ত করেন। এছাড়া উক্ত স্থানে কমপ্লেক্স ভবন নির্মাণ করা হলে উপজেলা পরিষদের মাস্টার প্ল্যানে কোনো পরিবর্তন আনার প্রয়োজন হবে না এবং উপজেলা পরিষদ চত্বরে প্রয়োজনীয় ফাঁকা জায়গা ক্ষতিগ্রস্ত হবে না মর্মে জানানো হয়। প্রস্তাবিত নতুন স্থানে কমপ্লেক্স ভবন নির্মাণ করা হলে খুব বেশি জীবিত বৃক্ষ কর্তনেরও প্রয়োজন হবে না। এছাড়াও পীরগঞ্জ উপজেলার উপজেলা পরিষদ চেয়ারম্যানসহ উক্ত উপজেলার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণও প্রস্তাবিত স্থানের পরিবর্তে বন বিভাগের নার্সারীর স্থানে উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের আবেদন জানিয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট একটি আবেদনপত্র দাখিল করেছেন (কপি সংযুক্ত)। উভয় স্থান পরিদর্শন করে নিম্নস্বাক্ষরকারীর নিকটেও নির্বাচিত স্থানের পরিবর্তে প্রস্তাবিত নতুন স্থানে উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ যৌক্তিক হবে মর্মে প্রতীয়মান হয়েছে।

এমতবস্থায়, সার্বিক অবস্থা বিবেচনা করে পীরগঞ্জ উপজেলা পরিষদের প্রস্তাবিত কমপ্লেক্স ভবনটি পূর্ব নির্বাচিত স্থানের পরিবর্তে নতুন প্রস্তাবিত স্থানে নির্মাণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সবিনয় অনুরোধ জানানো হলো।

সংযুক্তি : ০২(দুই) কপি

০৮/০৩/১৬
(মুকেশ চন্দ্র বিশ্বাস)
জেলা প্রশাসক
ঠাকুরগাঁও
e-mail : dcthakurgaon@mopa.gov.bd

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-০৫.৫৫.৯৪০০.০১.০১৬.০০১.১৬.১১৮ তারিখ : ০৮/৩/২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৪। প্রকল্প পরিচালক, উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

(মুকেশ চন্দ্র বিশ্বাস)
জেলা প্রশাসক
ঠাকুরগাঁও

বরাবর
জেলা প্রশাসক
ঠাকুরগাঁও।

বিষয়ঃ পীরগঞ্জ উপজেলা পরিষদের সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত নতুন স্থানে প্রস্তাবিত উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনটি নির্মাণ প্রসঙ্গে।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদ চত্বরে নির্মিতব্য উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনটি নিঃসন্দেহে পীরগঞ্জবাসীর জন্য একটি অমূল্য সম্পদ। আগামী দিনের উপজেলা পরিষদের সকল কর্মকান্ডের মূল কেন্দ্র হবে এই ভবনটি। সে ক্ষেত্রে পরিষদের সকল সদস্যের সর্ব সম্মত সিদ্ধান্ত অনুযায়ী ভবনটি যথাযথ স্থানে নির্মাণ করা একান্ত আবশ্যক। কিন্তু ইতোপূর্বে প্রস্তাবিত স্থানে উপজেলা পরিষদের পুরাতন ইউটিডিসি ভবন অবস্থিত- যেখানে উপজেলা পরিষদের দুইটি অফিস, ত্রাণ শাখার গোডাউন, আলাদা স্থানে মহিলা বিষয়ক দপ্তরের প্রশিক্ষণ ভবন এবং অফিসার্স ক্লাব অবস্থিত। অফিসার্স ক্লাবের সম্মুখস্থ ছায়া-শীতল বিভিন্ন গাছ-গাছালী পরিবেষ্টিত স্থানে উপজেলা পরিষদের উদ্যোগে সকল ধরণের উৎসব, মেলা, সভা/অনুষ্ঠান আয়োজন করা হয়। উপজেলা পরিষদে এর কোন বিকল্প স্থান না থাকায় এখানে কমপ্লেক্স ভবনটি স্থাপন করা হলে উপজেলা পরিষদের সকল প্রকার সামাজিক কর্মকান্ড পরিচালনা প্রায় বন্ধ হয়ে যাবে। তাছাড়া প্রস্তাবিত স্থানে ভবন নির্মিত হলো সম্মুখভাগে খুব অল্প পরিমাণ জায়গা অবশিষ্ট থাকবে। ফলে গাড়ি পার্কিংসহ জন সাধারণের দৈনন্দিন সমাগমের ক্ষেত্রে অযাচিত বিড়ম্বনার সৃষ্টি হবে। ইতোপূর্বে প্রস্তাব প্রেরণের সময় বিষয়টি উপজেলা পরিষদের সভায় যথাযথভাবে আলোচিত না হয়ে শুধু মাত্র কার্যবিবরণীতে অন্তর্ভুক্তির মাধ্যমে প্রস্তাব প্রেরণ করা হয়। ফলে অধিকাংশ সদস্যই বিষয়টি সম্পর্কে অবগত ছিলেন না। বর্ণিত স্থানে ভবন নির্মিত হলে দিন শেষে কর্মকর্তাদের ক্লান্তি নিবারণে ব্যবহৃত অফিসার্স ক্লাবটিও অপসারণ করতে হবে। ইতোপূর্বে স্থানীয় সাহায্য-সহযোগিতায় গড়ে উঠা বড় এ স্থাপনার পুনঃস্থাপন বাবদ কোন বরাদ্দ না থাকায় আগামীতে অফিসার্স ক্লাবের সকল কর্মকান্ড মুখ থুবড়ে পড়বে। ফলে অফিসারদের বিনোদনমূলক কর্মকান্ডের উপযুক্ত কোন স্থান থাকবে না। অন্যদিকে মেলা, উৎসব আয়োজনসহ অফিসার্স ক্লাব পুনঃস্থাপনের জন্য বিকল্প স্থান নির্বাচনের জন্য মাস্টার প্ল্যানেও আমূল পরিবর্তন আনতে হবে। কেননা মাস্টার প্ল্যানে এধরণের কোন পরিকল্পনাই অন্তর্ভুক্ত নাই। উপরন্তু এস্থানে ভবন নির্মিত হলে অনেক জীবিত বৃক্ষ কর্তন করতে হবে।

উপরে বর্ণিত বিষয়গুলো বিবেচনা করে উপজেলা পরিষদের মার্চ ২০১৫ মাসের সভায় সর্বসম্মতিক্রমে সরেজমিন পরিদর্শনপূর্বক উপজেলা পরিষদের ভিতরে অবস্থিত বন বিভাগের নার্সারী সরিয়ে নিয়ে উক্ত স্থানে নির্মিতব্য উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য প্রস্তাব করা হয়। পুনঃপ্রস্তাবিত স্থানে ভবন নির্মাণ করা হলে কম সংখ্যক জীবিত বৃক্ষ কর্তনের প্রয়োজন হবে এবং ভবনের সম্মুখে পর্যাপ্ত ও অব্যুক্ত স্থান থাকবে যেখানে গাড়ি পার্কিংসহ সমাগত সেবা প্রত্যাশীদের চলাচলে কোন সমস্যা থাকবে না। এছাড়া উপজেলা পরিষদের জন্য প্রস্তুতকৃত মাস্টার প্ল্যানেও কোন পরিবর্তনের প্রয়োজন হবে না মর্মে প্রতীয়মান হয়। উপরন্তু নতুন প্রস্তাবিত স্থানে বৃক্ষ কম থাকায় এই মুহূর্তেই কমপ্লেক্স ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপনসহ লেআউট-এর কার্যক্রম শুরু করা সম্ভব।

অনেকদিন পূর্বেই বর্ণিত বিষয়সমূহ অবহিত করে প্রকল্প পরিচালকের সাথে উপজেলা পরিষদ চেয়ারম্যান, পীরগঞ্জ প্রকল্প পরিচালকের কার্যালয়ে তাঁর সাথে সাক্ষাত করেন এবং এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক টেলিফোনিক আলাপসহ পত্র প্রেরণও করা হয়েছে। কিন্তু এর পরিপ্রেক্ষিতে প্রকল্প কার্যালয় হতে কোন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়নি। প্রকল্প কার্যালয় হতে একজন নির্বাহী প্রকৌশলী বিষয়টি সরেজমিনে দেখলেও পরিষদকে যথাযথভাবে অবহিত না

করায় পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধিগণ সরেজমিন পরিদর্শনকালে উপস্থিত থাকতে পারেননি এবং তাদের মতামতও ব্যক্ত করতে পারেননি। উপরন্তু শুধুমাত্র মাস্টার প্ল্যান পরিবর্তনের কষ্ট এড়ানোর জন্য পূর্ব প্রস্তাবিত স্থানেই কমপ্লেক্স ভবন স্থাপনের জন্য বিভিন্ন ধরণের নতুন নতুন যুক্তি উপস্থাপন করা হচ্ছে। এদিকে কমপ্লেক্স ভবনের কার্যাদেশ প্রদানের পর দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও প্রকল্প কার্যালয় হতে কোন সুস্পষ্ট দিক-নির্দেশনা না থাকায় ভবন নির্মাণে অহেতুক বিলম্ব হচ্ছে।

এমতাবস্থায়, বিষয়টি স্থানীয় সরকার বিভাগের গোচরে এনে সার্বিক বিষয় বিবেচনা করে পরিষদের সকল সদস্যের মতামতের ভিত্তিতে নতুন প্রস্তাবিত স্থানে পীরগঞ্জ উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন স্থাপনে সংশ্লিষ্টদের সদয় নির্দেশনা প্রদানের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো। উল্লেখ্য, বিষয়টি জনস্বার্থে পীরগঞ্জ উপজেলা পরিষদের সকল সদস্যের প্রাণের দাবি।

তারিখ:

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
১.	মোঃ জিয়াউল ইসলাম	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ	
২.	মোঃ আবুল কাশিম	ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ	
৩.	মোছাঃ পারুল বেগম	মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ	
৪.	মোঃ হিটলার হক	চেয়ারম্যান, ভোমরাদহ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ	
৫.	গৌতম চন্দ্র রায়	চেয়ারম্যান, কোষারাণীগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ	
৬.	এস এম ইসাহাক	চেয়ারম্যান, খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ	
৭.	মোঃ একরামুল হক	চেয়ারম্যান, সৈয়দপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ	
৮.	মোঃ আখতারুল ইসলাম	চেয়ারম্যান, পীরগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ	
৯.	মোঃ জয়নাল আবেদীন	চেয়ারম্যান, হাজীপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ	
১০.	সনাতন চন্দ্র রায়	চেয়ারম্যান, দৌলতপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ	
১১.	গিয়াস উদ্দীন আহাম্মেদ	চেয়ারম্যান, সেনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ	
১২.	মোঃ আব্দুস সবীর (সফির)	চেয়ারম্যান, জাবরহাট ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ	
১৩.	মোঃ আইয়ুব আলী চৌধুরী	চেয়ারম্যান, বৈরচুনা ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ	